২৮. অতীতের ইতিহাস। আরবরা দু-ভাগে বিভক্ত হয়ে গেল। গাস্‌সাসানা নামে এক ভাগ হয়েছে আর মুনাজারা নামে অপর এক দল বিভক্ত হয়েছে। এ দুটি বিভক্ত মুসলিমদল তখনকার দুটি কাফির পরাশক্তি রোমীয় খ্রিষ্টান ও অগ্নিপূজক পারসীকদের সাথে মিত্রচুক্তিতে আবদ্ধ হয়। আরব-মুসলিমদের যে দলটি মুনাজারা নামে বিভক্ত হয়েছে তারা তৎকালীন পারসীয় অগ্নিপূজকদেরকে নিজেদের মিত্রশক্তি হিসেবে গ্রহণ করে নিয়েছিল। মুনাজারা নামে মুসলিমদলটি তখন ইরাক শাসন করত এবং 'হায়রা'কে নিজেদের রাজধানী বানিয়েছিল। আর গাস্‌সাসানা নামে যে মুসলিমদলটি ছিল, তারা কেবল রোমীয় খ্রিষ্টানদেরকে মিত্র ও বন্ধু হিসেবে গ্রহণ করে নেয় নি; বরং তারা রোমান খ্রিষ্টানদের আস্থাভাজন হওয়া এবং আশির্বাদ পাওয়ার আশায় নিজেদের সর্বস্ব বিলিয়ে দিয়েছিল। তারা ইসলাম ও মুসলিম উম্মাহর দুশমনদেরকে সর্বক্ষেত্রে সহযোগিতা করত। রোমান খ্রিষ্টানরা সিরিয়ার সীমানায় নিজেদের নিরাপত্তা বজায় রাখা এবং পাহারাদারির লক্ষ্যে গাস্‌সাসানার মুসলিমদেরকে অপর মুসলিমদল মুনাজারা, যারা পারসীয় অগ্নিপূজকদের মিত্র ও বন্ধু, তাদের অতর্কিত আক্রমণের বিরুদ্ধে ব্যবহার করত। গোলাম বা দাসরা যেভাবে তাদের নেতাদের আজ্ঞাবহ ও অনুগত হয়ে বিরোধী শক্তির বিরুদ্ধে যুদ্ধ

হে মুসলিম উম্মাহ! যদি তোমরা এখনই পবিত্র কুদস নগরী ও মুসলিমদের ভূমি যা জায়নিস্ট ইহুদিরা জবরদখল করে রেখেছে, তা তাদের থেকে মুক্ত না করো, তাহলে মনে রেখো—তারা তোমাদের কঠিন পরিণতির সম্মুখীন

করে ঠিক তদ্রুপ এই নামেমাত্র মুসলিমরাও রোমান খ্রিষ্টানদের অনুগত গোলাম হয়ে বিরোধী শক্তির বিরুদ্ধে যুদ্ধ করত। এক পর্যায়ে এ মুসলিমদল দুটিই পরস্পর পরস্পরের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়েছে, নিজেদের মধ্যেই নিজেরা কাদা ছুড়াছুড়ি করেছে—তাদের পারসিক ও রোমান প্রভু, নেতা ও মিত্রদের সন্তুষ্ট করার লক্ষ্যে। মুসলিমরা পরস্পর এ ধরনের ভয়ংকর কার্যক্রম করতেই লাগল। পরিশেষে গাস্‌সাসানা ও মুনাজারা নামে বিভক্ত দুটি মুসলিমদল ক্ষমতা ও নেতৃত্বের বাগডোর থেকে অপসারিত হলো। তাদের প্রভাব ও প্রতিপত্তি নিমিষেই উধাও হয়ে গেল। আজ শুধু তারা অতীতের স্মৃতি। অতীতের ইতিহাস। কিন্তু অপর দিকে একটু লক্ষ্য করুন, ইসলাম ও মুসলিম উম্মাহর চিরশত্রু অগ্নিপূজক পারসিক ও খ্রিষ্টীয় রোমানরা আগের অবস্থায় বহাল আছে। তাদের প্রভাব ও শক্তিমত্তা এখনো অবশিষ্ট রয়েছে। পৃথিবীর নেতৃত্ব ও ক্ষমতার বাগডোর তাদের করতলেই রয়েছে।

উপরে অতীতের মুসলিমজাতির যে বাস্তব চিত্রটা তুলে ধরা হলো, সেটাই বর্তমান মুসলিমজাতির সাথে পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ। বিশেষত আরব-শাসকরা নিজেদের গদি ও ক্ষমতার বাগডোরকে সংরক্ষণ ও কুক্ষিগত করার লালসায় কাফিরদের সাথে বন্ধুত্বের সম্পর্ক স্থাপন করেছে। মুসলিমদের পরিবর্তে কাফিরদেরকে মিত্রশক্তি হিসেবে গ্রহণ করে নিয়েছে। কখনো রাশিয়াকে মিত্র হিসেবে গ্রহণ করে নেয় আবার কখনো আমেরিকাকে মিত্র ও বন্ধু হিসেবে গ্রহণ করে নেয়; কাল্পনিক শত্রুদের শঙ্কায় ও ভয়ে যার কোনো অস্তিত্ব নেই।

বর্তমান আরব-দেশগুলোর কার্যক্রম ও পদক্ষেপসমূহ আমাদের পূর্বসূরী গাস্‌সাসানা ও মুনাজারা মুসলিম ভাইদের মতো। যারা নিজেদের ভেতরগত নিরাপত্তাকে সংরক্ষণ করতে পারে নি। তারা নিজেদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বহিঃশত্রুশক্তি আমেরিকা, রাশিয়া ও তুর্কিদের সাহায্য তলব করেছে। বাস্তবতা হলো, সেখানে মুসলিমদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য কোনো একটি আরব-দেশের উপস্থিতি ছিল না, যে দেশটি মুসলিমদের ধন-সম্পদ, মান-মর্যাদা, নেতৃত্ব ও নিরাপত্তা সংরক্ষণ করবে। গোটা আরবজাতি তো বর্তমানে এক শোষিত জাতি। তারা তো শাসক নন।

নাঈম আল-হাশেমি আল-খাফাজি।
লেখক, সাংবাদিক ও ইরাকি।
১৬.৮.২০২০, পত্রিকার নাম : সওতুল ইরাক।

نعيم الهاشمي الخفاجي

করাবে; তোমাদের থেকে ছিনিয়ে নেবে পবিত্র হারামাইন ভূখণ্ড। আজ বাগদাদ আগামীকাল রিয়াদ। আর এভাবেই চলতে থাকবে, যদি আল্লাহ চান। আল্লাহ আমাদের জন্য যথেষ্ট; তিনি কতই-না উত্তম অভিভাবক!

হে মুসলিম উম্মাহ! বর্তমানে এ কঠিন পরিস্থিতি থেকে মুসলিমদের বের হওয়ার উপায় কী, কোন মানহাজ [পদ্ধতি] গ্রহণ করলে তারা ফিরে পাবে শান্তি ও নিরাপত্তা?

হে মুসলিম উম্মাহ! তোমাদের স্মরণ থাকার কথা, মুসলিম উম্মাহ বিগত যুগ-কালে পারস্পরিক সহযোগিতা-বন্ধনে আবদ্ধ এই ক্রুসেডার ও জায়নিস্টদের বাগডোর থেকে ফিলিস্তিনকে মুক্ত করার জন্য বহুবার চেষ্টা-সাধনা করেছে; দীর্ঘ দৌড়ঝাঁপ করেছে—প্রজাতন্ত্র ও রাজতন্ত্রের অধীনে মানবরচিত বিভিন্ন ধর্ম তথা জাতীয়তাবাদ[২৯], সমাজতন্ত্র, কমিউনিজম[৩০],

২৯. **শাইখ শহিদ আবদুল্লাহ আযযাম রাহি.** বলেন, 'আরব ও অনারব যে জাতীয়তাবাদ হোক, যে-কেউ জাতীয়তাবাদের মূলনীতিগুলোকে গ্রহণ করবে অথবা জাতীয়তাবাদে বিশ্বাসী হবে যেমন : কুর্দি, ইরানি ও ইরাকি ইত্যাদি তাহলে এটা এমন কুফর যা ইসলাম থেকে বের করে দেয়; অর্থাৎ সে মুরতাদ বলে বিবেচিত হবে। যে জাতীয়তাবাদের আদর্শে বিশ্বাসী হবে সে ইসলাম থেকে বের হয়ে যাবে। তার জবাইকৃত প্রাণী ভক্ষণ করা যাবে না। কোনো জাতীয়তাবাদী মেয়েকে বিবাহ করা যাবে না। জাতীয়তাবাদী কোনো পুরুষ মুসলিম মেয়েকে বিবাহ করতে পারবে না। তাকে গোসল ও কাফন দেয়া হবে না, তার নামাজ পড়া হবে না এবং তাকে মুসলিমদের কবরস্থানে দাফন করা হবে না। তার সালামের উত্তর দেয়া যাবে না। সে তার মুসলিম পিতা থেকে কোনো সম্পদ পাবে না। তার সন্তানরা যদি মুসলিম হয়ে থাকে তারা তার থেকে ওয়ারিস পাবে না ..। কতক মানুষ প্রশ্ন করে, তাদের কেউ কেউ তো কখনো কখনো নামাজ পড়ে, রোজা রাখে? আমি বলি, নামাজ ও রোজা নষ্ট আকিদা-বিশ্বাস ও শিরক-কুফরকে প্রতিরোধ করতে পারে না। অন্যরা বলে, যারা জাতীয়তাবাদে বিশ্বাসী তাদের অন্তরে কী আছে তা জানা নেই, তাহলে কীভাবে তাদের ওপর এ বিধান প্রয়োগ করা হবে? আমি বলি, আমরা গায়েব বা অদৃশ্যের জ্ঞান জানি না। আমরা তো ব্যক্তির বাহ্যিক অবস্থার ওপর ভিত্তি করে বিধান প্রয়োগ করব। তাদের মুখ দিয়ে যা বের হবে আমরা সেটা বিবেচনা করব। আর অন্তরের অবস্থা আমরা আল্লাহর কাছে সোপর্দ করব। সাধারণ নীতি হলো, জাতীয়তাবাদীরা কাফির। তবে কারো ক্ষেত্রে সুস্পষ্ট প্রমাণ পাওয়া গেলে তার ওপর এ বিধান প্রয়োগ হবে না। তৃতীয় এক দল প্রশ্ন করে, তাদের অধিকাংশই তো শরয়ি বিধান সম্পর্কে অজ্ঞ? আমি বলব, জাহেল বা মূর্খ ব্যক্তি যখন জানে এবং তার কাছে বিধান বর্ণনা করার পরও তার ওপর অটল থাকে, তাহলে তার ক্ষেত্রে কুফরের

গণতন্ত্র[৩১] ইত্যাদির পেছনে; কিন্তু তারা কি তাদের লক্ষ্য অর্জন করতে পেরেছে? পেরেছে কি ফিলিস্তিনকে জায়নিস্টদের দখলদারি ও বলয় থেকে

বিধান লাগানো হবে। সুতরাং কতক আলিম জাতীয়তাবাদ এবং 'জাতীয়তাবাদীরা কাফির' এ সম্পর্কে কিতাব রচনা করেছেন, তাই এতটুকুই 'তাবলিগের' জন্য যথেষ্ট। তাই এখন বর্ণনা করার পর তাদের জাহালত-মূর্খতা ওজর হিসেবে বাকি থাকবে না।

[كتاب؛ القومية العربية/ للشيخ عبد الله عزام].

৩০. শাইখ শহিদ ড. আবদুল্লাহ আযযাম রাহি. বলেন, 'কমিউনিজম বা সাম্যবাদ এমন একটি মতাদর্শ, মতবাদ ও ধর্ম যা পৃথিবীর যত সবধর্মের সাথে সংঘাতপূর্ণ। আর এর শীর্ষে রয়েছে ইসলাম। কমিউনিজম ধর্মে দীক্ষিত কতক ব্যক্তির কিছু উক্তি। কাল মার্কস ধর্ম সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেছে, 'ধর্ম আফিমের মতো' বা গোত্রীয় আফিমের মতো। সে আরো বলেছে, 'আল্লাহ মানবজাতিকে সৃষ্টি করে নি; বরং মানুষই আল্লাহকে সৃষ্টি করেছে'। লেলিন বলেছে, 'ধর্ম হলো কুসংস্কার, কল্পকাহিনী ও মূর্খতা'। স্টালিন বলেছে, 'ধর্মের সারমর্ম হলো, ধর্ম কুসংস্কার; আল্লাহকে নিয়ে চিন্তা করা অলীক-কল্পকাহিনী আর আমাদের মতাদর্শ ও ধর্ম নাস্তিকতা ও ধর্মত্যাগ'। পূর্বোক্ত কমিউনিজম ও কমিউনিজম মতাদর্শের ব্যক্তিদের আলোচনার ভিত্তিতে আমি বলি, 'প্রত্যেক কমিউনিজম ও সাম্যবাদী ব্যক্তি কাফির ও মুরতাদ, যদিও সে সর্বদা বা মাঝে মাঝে নামাজ পড়ে। তার জবাইকৃত প্রাণী ভক্ষণ করা যাবে না। কোনো সাম্যবাদী মেয়েকে বিবাহ করা যাবে না। কমিউনিজম বা সাম্যবাদী কোনো পুরুষ মুসলিম মেয়েকে বিবাহ করতে পারবে না। তাকে গোসল ও কাফন দেয়া যাবে না, তার নামাজ পড়া হবে না এবং তাকে মুসলিমদের কবরস্থানে দাফন করা যাবে না। তার সালামের উত্তর দেয়া যাবে না। সে তার মুসলিম পিতা থেকে কোনো সম্পদ পাবে না। তার সন্তানরা যদি মুসলিম হয়ে থাকে তারা তার থেকে ওয়ারিস পাবে না।'

[أنظر فتاوى عن الشيوعية للشيخ عبد الحليم محمود]) [كتاب؛ السرطان الأحمر/للشيخ عبد الله عزام].

৩১. الديمقراطية শব্দটি আরবি নয়; বরং ইউনানি শব্দ। শব্দটির অর্থ, জনগণের শাসন বা জনগণের ক্ষমতা অথবা জনগণ-কর্তৃক আইন প্রণয়ন করা। গণতন্ত্র একটি কুফরি মতবাদ। কুফরি মতবাদ হওয়ার বহুবিধ কারণ রয়েছে। গণতন্ত্রের মূল বক্তব্য হলো, দেশ পরিচালিত হবে জনগণের কথায় এবং সকল ক্ষমতার উৎস জনগণ। (নাউজুবিল্লাহ) অথচ কুরআনের সুস্পষ্ট ভাষ্য হলো, পৃথিবীতে বিধান ও ক্ষমতা চলবে একমাত্র আল্লাহর। গণতন্ত্র যে একটি কুফরি মতবাদ তা সকলের কাছেই স্পষ্ট। সুতরাং যে গণতন্ত্রে বিশ্বাসী হবে বা গণতন্ত্রকে নিজের আদর্শ মনে করবে

স্বাধীন করতে? কিন্তু সবশেষে ফলাফল দাঁড়িয়েছে—তারা আমেরিকার নেতৃত্বে সেই কুখ্যাত জায়নবাদী ইহুদিদের সাথে মৈত্রীবদ্ধ হয়েছে। কাফিরদের বিরুদ্ধে মুসলিমদের এ ধরনের কার্যক্রম দেখে আসছে সমগ্র মুসলিম উম্মাহ। এর ওপরই তারা বড় হয়েছে। মুসলিমজাতির পরবর্তী প্রজন্ম তাদেরই পদাঙ্ক অনুসরণ করছে। ফিলিস্তিন ও ফিলিস্তিনি মুসলিমদের স্বাধীন করার জন্য, তাদেরকে সুখময় জীবন উপহার দেয়ার জন্য জিহাদের পরিবর্তে এসব তন্ত্রমন্ত্রের পিছনে সময় ব্যয় করার অর্থই হলো—পানির আশায় মরুভূমির মরীচিকার পেছনে দৌড়ঝাপ করা।

হে মুসলিম উম্মাহ! মুসলিম উম্মাহর এ ক্রান্তিলগ্নে ও কঠিন দুর্যোগময় পরিস্থিতিতে কতিপয় সংশোধনকে এ আহ্বান করতে শুনা যায় যে, ক্রুসেডার ও জায়নবাদীদের ষড়যন্ত্র ও আগ্রাসন মোকাবিলায় সরকারি ও বেসরকারি সব শক্তিকে ঐক্যবদ্ধ হতে হবে; কিন্তু উত্থাপিত হয় বাস্তবসম্মত একটি প্রশ্ন মুসলিমবিশ্বের শাসকরা কি এ ওয়াজিব দায়িত্ব পালন করতে প্রস্তুত? তারা কি ইসলাম ধর্ম ও মুসলিম উম্মাহর পক্ষ থেকে কাফিরদের বিরুদ্ধে বাস্তবসম্মত প্রতিরোধব্যবস্থা গড়ে তুলতে প্রস্তুত? তারা কি প্রস্তুত দৃপ্তকণ্ঠে কাফিরদের থেকে সম্পর্কচ্ছেদের ঘোষণা দিতে?

এখন আমরা ইতিহাস ও বাস্তবতার আলোকে বিষয়টি সম্পর্কে আলোচনা করব। মুসলিমবিশ্বের শাসকরা মুসলিমদের স্বার্থে কাজ করে না-কি কাফিরদের স্বার্থরক্ষার্থে? তারা কি কাফিরদের বন্ধু না-কি মুসলিমদের?

প্রথম পয়েন্ট : প্রথম বিশ্বযুদ্ধে মুসলিমদের চিরশত্রু ক্রুসেডারদের ব্যাপারে মুসলিম-দেশগুলোর শাসকবৃন্দের অবস্থান।

যখন ক্রুসেডাররা মুসলিমবিশ্বের ওপর আক্রমণ ও উসমানি খেলাফত ধ্বংসের ইচ্ছা করল, তখনকার মুসলিম-নামধারী শাসকরা উসমানি খেলাফতের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করল এবং মুসলিমসংঘবদ্ধ দলগুলোকে

অথবা গণতন্ত্র রক্ষার মিশন নিয়ে চলবে, সে কাফির ও মুরতাদ বলে গণ্য হবে। সূত্র : '*তাওজিহাতুন মানহাজিয়্যাহ*'-এর টীকা দ্রষ্টব্য।

বিভিন্ন দল-উপদলে বিভক্ত করে দিল। এমনকি উসমানি খেলাফতের বিরুদ্ধে যুদ্ধরত ক্রুসেডারদেরকে এই নামধারী মুসলিম শাসক ও তাদের গোলামরা রণাঙ্গনে সক্রিয় ভূমিকা পালন করেছে। পরিশেষে এক পর্যায়ে হয়ে যায় উসমানি খেলাফত ধ্বংস। পরে ইসলামের চিরশত্রুরা এই উসমানি খেলাফতকে পঞ্চাশেরও অধিক দেশে বিভক্ত করে। আর এই বিশ্বাসঘাতকতায় সর্বাধিক হীন-নির্লজ্জ ভূমিকা রাখে, বাদশাহ আবদুল আজিজ আলে সাউদ, শরিফ হুসাইন এবং তাদের পরিবার।

দ্বিতীয় পয়েন্ট : মুসলিমদেশ ফিলিস্তিন-প্রসঙ্গ

এই নামধারী মুসলিম শাসকরা (আরব-শাসকরা) নয় দশক আগ থেকেই ফিলিস্তিন-ভূখণ্ডে ইহুদিদের একটি রাষ্ট্র প্রতিষ্ঠার ব্যাপারে ইংরেজদের সাথে চুক্তিবদ্ধ হয়। এরপরই ফিলিস্তিনের মুসলিমদের ওপর নেমে আসে লাঞ্ছনা-অপদস্থতার জীবন। এরপরও ফিলিস্তিনের মুসলিমদের সাথে করা হয়েছে বারবার প্রতারণা; যাতে তারা অস্ত্র ছেড়ে দেয়; অস্ত্রহারা হয়ে যায়। আর এ-ক্ষেত্রেও সর্বাপেক্ষা নির্লজ্জ অবদান রাখে, বাদশাহ আবদুল আজিজ আলে সাউদ। ফিলিস্তিন-ভূখণ্ড বিভক্ত করা এবং সেখানে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠা-সংক্রান্ত সংবাদ একটি ইহুদি সংস্থার পক্ষ থেকে প্রকাশিত হয়, তখন আরব-দেশগুলো তাদের কোনো বিরোধিতা করে নি; বরং তারা ইহুদি সংস্থার সদস্য হিসেবে বহাল থাকে এবং এখনো আছে। তারা এর বিরুদ্ধে কার্যকরী কোনো পদক্ষেপই নেয় নি। তবে এতটুকু করেছে যে, কাপুরুষ ব্যক্তিদের মতো একটু মৌখিক নিন্দা করেছে মাত্র। অতঃপর বিভক্তি-সিদ্ধান্তের এক বছর পর যখন সেখানে ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠিত হলো, তখন থেকেই যুদ্ধের লেলিহান শিখা আরো প্রকটভাবে জ্বলে ওঠল। বেশি দিন যেতে না-যেতেই আরব-শাসকরা আমেরিকার এক হুকুমের গোলাম হয়ে আরেকটি সাময়িক চুক্তির ওপর একাত্মতা পোষণ করে। এভাবেই তারা ফিলিস্তিন ও ফিলিস্তিনি মুসলিমদের নিয়ে একের পর এক ষড়যন্ত্র করেই যাচ্ছে।

তারপর মাদ্রিদ-সম্মেলন[৩২] এবং এরপর আগত আরো বিভিন্ন সম্মেলনের ছত্রছায়ায় ফিলিস্তিনি মুসলিমদের বিরুদ্ধে একের পর এক ষড়যন্ত্র চলতেই

৩২. মাদ্রিদ স্পেনের রাজধানী এবং অন্যতম বড় শহর। মাদ্রিদে বিভিন্ন ইস্যু নিয়ে ভিন্ন ভিন্ন সময়ে নানান ধরনের সম্মেলন অনুষ্ঠিত হয়ে থাকে। ১৯৯১ সালের ৩০

থাকল। ঠিক তেমনিভাবে ইহুদি ইসরাইলিদের বিরুদ্ধে ফিলিস্তিনি মুসলিমদের প্রথম আন্দোলনকে নিঃশেষ করার জন্য চলতে থাকল লাগাতার প্রচেষ্টা। অতঃপর শারোমুশ শাইখ[৩৩] সম্মেলনকে কেন্দ্র করে একই ইতিহাসের পূনরাবৃত্তি ঘটে—ফিলিস্তিনের অসহায়-দুর্বল মুসলিমদের বিরুদ্ধে ইহুদি-খ্রিষ্টানদের সমর্থন দেয়ার লক্ষ্যে। আর শারোমুশ শাইখ-সম্মেলনটি অনুষ্ঠিত হয় ১৪১৬ হিজরি-মোতাবেক ১৯৯৬ সালে। অতঃপর আবার বৈরুত-সম্মেলনের ছত্রছায়ায় সেই একই চক্রান্তের পুনরাবৃত্তি ঘটে। বৈরুত-সম্মেলনে মুসলিমভূখণ্ড ফিলিস্তিনে ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার স্বীকৃতি দেয়া হয়। আর কুখ্যাত সন্ত্রাসী ইহুদিরা পর্যায়ক্রমে ফিলিস্তিন-ভূখণ্ডের সিংহভাগ জায়গা জোরপূর্বক দখল করে নেয়। পরিশেষে তারা ফিলিস্তিন-ভূখণ্ডের মানচিত্র পরিবর্তন এবং ফিলিস্তিনকে ওয়ার্ল্ডম্যাপ থেকে সরিয়ে দেয়ার মতো চরম ঘৃণ্য কাজে লিপ্ত হয়; কিন্তু বাস্তবতা ও ইতিহাস সাক্ষী যে, ফিলিস্তিনের যে ভূমি ইহুদিরা দখল করে নিয়েছে তার কিঞ্চিৎ পরিমাণও বিগত নয়-শতাব্দিতেও নামধারী মুসলিম নেতারা তাদের থেকে উদ্ধার করতে পারে

অক্টোবর থেকে ১ নভেম্বর, এ সময়টাতে ইজরাইল ও মধ্যপ্রাচ্যে, বিশেষ করে ফিলিস্তিনে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে স্পেনের মাদ্রিদ রাজধানীতে মাদ্রিদ-সম্মেলন নামে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। আর এ সম্মেলন আমেরিকা ও সোভিয়েত ইউনিয়নের তত্ত্বধানে সংঘটিত হয়েছিল।সূত্র : আল-জাজিরা। [২১৩/৩/২০১৬ আরবি পত্রিকা : *আল বাসসুল হাই*।]

৩৩. শারোমুশ শাইখ মিসরের অন্যতম একটি শহরের নাম। এই প্রধান নগরীতে বিভিন্ন সময়ে বিভিন্ন ইস্যুতে সম্মেলন অনুষ্ঠিত হয়ে থাকে। ১৯৯৬ সালের ১৩ মার্চ মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। এ সম্মেলনটি 'শারোমুশ শাইখ' সম্মেলন নামে প্রসিদ্ধ। এ সম্মেলনটি তৎকালীন মিসরের প্রেসিডেন্ট হুসনি মুবারক ও আমেরিকার প্রেসিডেন্ট বিল ক্লিনটনের তত্ত্বাবধানে সংঘটিত হয়েছিল। শারোমুশ শাইখ সম্মেলনে দুই প্রধান দেশ, আমেরিকা ও রাশিয়ার পাশাপাশি বিশ্বের ২৯টি দেশের প্রতিনিধিরা উপস্থিত হয়েছিল। ইজরাইল ও ফিলিস্তিনের প্রতিনিধিরা সরাসরি সেখানে উপস্থিত ছিল এবং আরব-দেশগুলোর মধ্য হতে ১২টি দেশের প্রতিনিধিরাও ছিল। এরা প্রধান তিনটি লক্ষ্যকে সামনে রেখে এ সম্মেলনে উপস্থিতি হয়েছিল। এক. মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠা করা। দুই. মিনতাকা তথা স্থানীয় এলাকাগুলোতে পূর্ণ নিরাপত্তা বাস্তবায়ন করা। তিন. সন্ত্রাস ও জঙ্গিবাদের মোকাবিলা করা।

নি। তারা শুধু হতাশ ও নিরাশই হয়েছে। অপর দিকে আল্লাহর রাস্তার মুজাহিদিন, যারা কাফিরদের বিরুদ্ধে শহিদি বা আত্মঘাতী হামলা করে, তাদের ব্যাপারে মুসলিমদেশগুলোর শাসকদের অবস্থান বা দৃষ্টিভঙ্গি লক্ষ করুন। মুজাহিদরা ইসলাম ও মুসলিম উম্মাহর দুশমন কাফির-বেঈমানদের বিরুদ্ধে এ ধরনের হামলা ও অপারেশন পরিচালনা করে মুসলিম শাসকদের পক্ষ থেকে ভালো কিছু একটা আশা করেছিল। সাহায্য-সহযোগিতা বা সমর্থন প্রত্যাশা করেছিল। কিন্তু তারা এর বিপরীতে নিয়ে এসেছে অকল্যাণ। মুজাহিদদের তারা শুধু নিন্দা-সমালোচনা এবং প্রত্যাখ্যান করেই ক্ষান্ত হয় নি; বরং তারা গ্রহণ করে এর থেকে আরো ভয়ংকর পদক্ষেপ। তারা মুজাহিদদের কারারুদ্ধ করে অকল্পনীয় শাস্তি দেয়; গা শিউরে ওঠে যার শ্রবণ-অবলোকনে।

হে মুসলিম উম্মাহ! তোমরা ফিলিস্তিনে আমাদের বিধবা বোনের প্রতি একটু চিন্তা করো, যাদের স্বামী-প্রিয়তমকে জায়নবাদী কুখ্যাত সন্ত্রাসীরা হত্যা করেছে। ফিলিস্তিনের মুসলিমরা সন্তানদেরকে মুসলিম উম্মাহর হিফাজতের জন্য আল্লাহর রাস্তায় জিহাদের পথে সওদা করে দিয়েছে, আর অপর দিকে জায়নিস্ট ইহুদি সন্ত্রাসী সৈন্যরা পবিত্র ভূমিতে সন্ত্রাস-বিশৃঙ্খলা করে চলছে। প্রতিনিয়তই তারা ফিলিস্তিনের মুসলিমদের কষ্টের ফসল ও ফল-ফলাদি এবং গবাদি পশু বিনষ্ট করে দিচ্ছে। অতঃপর সেই কষ্টার্জিত ফসলাদি এবং মূল্যবান সামগ্রী তারা ফিলিস্তিনের অসহায় মুসলিমদের বাড়ি থেকে জোরপূর্বক বের করে রাস্তায় এমনভাবে পিষে ফেলছে যে, তা সম্পূর্ণ অকেজো হয়ে পড়ছে। তাদের সম্মুখে সেগুলো রাস্তা, পথ-ঘাটে উড়তে দেখা যায়। আর অপরদিকে এ ধরনের বেদনাদায়ক ও মর্মান্তিক দৃশ্য দেখে আমার অসহায় মুসলিম মা-বোনদের চক্ষু অশ্রুসিক্ত হয়। অঝোর ধারায় তাদের চক্ষুযুগল থেকে প্রবাহিত হতে থাকে চাপা কান্নার আওয়াজ। কিন্তু আল্লাহর দয়া ও অনুগ্রহ যে, হারামাইন এবং আরো কিছু স্থানের কিছু মানুষ তাদের জাকাত-সম্পদ এই এতিম ও অসহায় বিধবাদের জন্য পাঠানোর ব্যবস্থা করেছে। এর দ্বারা তারা দুঃখ-কষ্টে ঘেরা মুসলিম ভাই-বোনদের কষ্ট কিছুটা লাঘবের চেষ্টা করেছে। অথচ আফসোসের সাথে বলতে হচ্ছে, ফিলিস্তিনের অসহায়-অবলা মুসলিম মা-বোনদের প্রতি যারা দয়া-অনুগ্রহের হাত বাড়িয়ে দিয়েছে—দাম্ভিক-পাষাণমনা মুসলিম-নামধারী আমির, সৌদি-বাদশাহ আবদুল্লাহ ইবনে আবদুল আজিজ তাদের এ মহৎ কর্মে নিষেধাজ্ঞা

জারি করেছে। তার এই নিষেধাজ্ঞায় এক পর্যায়ে বন্ধ হয়ে যায় সাহায্যের সব কার্যক্রম। কেমন পাষাণমনা হলে এমন নিকৃষ্ট কাজের ফরমান জারি করতে পারে! আসলে এটা কি কোনো মানুষের মন না পাষাণ!! তাছাড়া এটা কতই-না এক নিকৃষ্ট-তুচ্ছ কর্ম যে, কতক এতিম-অসহায় ও বিধবাদের কাছে যে সামান্য সম্পদ পৌঁছানো হচ্ছে, সে আগাগোড়া এর অনুসন্ধ্যান করছে, পর্যবেক্ষণ করছে! সুতরাং এ ধরনের পাষাণমনা ব্যক্তিদের কাছ থেকে কীভাবে কল্যাণ আশা করা যায়? কীভাবে আশা করা যায় যে, এরা দেশ ও দশের নিরাপত্তা নিশ্চিত করবে? এত কিছুর পরও দিনার-দিরহামের গোলাম মুনাফিকরা ধারণা করে আর বুলি আওড়ায় যে, এরাই হলো আমাদের আমির-অভিভাবক; আর এরাই আমাদের পক্ষ থেকে শত্রুর আক্রমণ প্রতিহত করবে; নিশ্চিত করবে সমগ্র মুসলিম উম্মাহর নিরাপত্তা!!

সংশোধন এবং সঠিক পথের কতক আহ্বায়কের কথা বড়ই আশ্চর্যজনক মনে হয়। তারা বলে, মুসলিম উম্মাহর সংশোধন, সংকটময় এ পরিস্থিতি থেকে মুক্তি, মুসলিম-দেশগুলোর নিরাপত্তা, সার্বভৌমত্ব রক্ষা এবং সমগ্র মুসলিমজাতির নিরাপত্তা বাস্তবায়ন হবে মুসলিম-দেশগুলোর মুসলিম-নামধারী মুরতাদ শাসকদের আনুগত্যের মাধ্যমে[৩৪], তাদের পদাঙ্ক অনুসরণে!

সংশোধন ও সঠিক পথের আহ্বানকারী ব্যক্তিদের লক্ষ করে বলব, যদি আল্লাহর রাস্তায় কাফিরদের বিরুদ্ধে জিহাদ না করার তোমাদের গ্রহণযোগ্য

৩৪. শাইখ আবু কাতাদা ফিলিস্তিনি রাহি. বলেন, 'আগেরকার লোকেরা তাতারী জাতির জুলুম-অত্যাচার ও বর্বরতার দৃষ্টান্ত দিয়ে থাকে। আচ্ছা বলুন তো, তাতারী জাতির জুলুম-অত্যাচার কি ইরাকের সাদ্দাম হোসেনের জুলুম-অত্যাচারের সমপরিমাণ হবে? ইসলামিক পুরো ইতিহাসে মুসলিমদের সাথে কাফিরদের জুলুম-অত্যাচারের পরিমাণ কি লিবিয়ার গাদ্দাফির জুলুম-অত্যাচারের সমপরিমাণ হবে? কুখ্যাত ইহুদি জাতির খুন-খারাবি কি বাদশাহ হুসাইনের খারাবির সমপরিমাণ হবে? লেবাননে খ্রিষ্টানদের শাসন কি সিরিয়ায় নুসাইরিদের শাসনের সমপরিমাণ হবে? মানবতার ইতিহাসে এমন কোনো শাসন অতিবাহিত হয়েছে কি যা সৌদি পরিবারের শাসনের মতো হবে? বাস্তবতা হলো, তাতে শাসক ও শাসিতদের মাঝে কোনো অঙ্গিকার নেই। শাসকরা সবকিছুরই মালিক আর শাসিতরা তাদের গোলাম হয়ে বসবাস করছে!!!

[بين منهجين : ٩١].

কোনো ওজর বা কারণ থাকে তাহলে তোমাদের কর্তব্য হলো, নিরবতা অবলম্বন করা। আর গ্রহণযোগ্য কোনো ওজর থাকা তো কখনোই এ ধরনের মুসলিম-নামধারী জালিম-মুরতাদ শাসকদের পক্ষাবলম্বন করা, তাদের তোষামোদ করা এবং তাদের পক্ষে সাফাই গাওয়ার বৈধতা দেয় না। আর যদি তোমরা এমনটা করোই তাহলে তোমরা এর বিনিময়ে নিজেদের পাপের বোঝা তো বহন করবেই, পাশাপাশি তাদের পাপের বোঝাও বহন করবে যাদেরকে তোমরা পথভ্রষ্ট করেছ। সুতরাং তোমাদের কর্তব্য হলো, তোমরা নিজেদের ব্যাপারে এবং সমগ্র মুসলিমজাতির ব্যাপারে এক আল্লাহকে ভয় করো। নিশ্চয় আল্লাহ তাগুতদের প্রতি তোমাদের নম্র সুরের কথন ও তোষামোদ থেকে অমুখাপেক্ষী।

আল্লাহ তাআলা বলেন—

﴿فَلَا تُطِعِ الْمُكَذِّبِينَ ۝ وَدُّوا لَوْ تُدْهِنُ فَيُدْهِنُونَ ۝﴾

'(হে নবী!) আপনি মিথ্যা প্রতিপন্নকারীদের অনুসরণ করবেন না। তারা চায় যে, আপনি নমনীয় হোন, তাহলে তারাও নমনীয় হবে।' [সূরা নুন, আয়াত : ৮-৯।]

আর অসৎ পথের সর্বোচ্চ স্তরে অবস্থান করার চেয়ে সত্যপথের সর্বনিম্ন স্তরে অবস্থান করা অধিক উত্তম ও কল্যাণকর।

তৃতীয় পয়েন্ট : আরব-উপসাগরীয় দেশগুলোর বাহ্যিক অবস্থা ও বর্ণনার দৃষ্টিকোণ থেকে বুঝা যায় যে, তারা ইরাকি বাহিনীর মোকাবিলা করা থেকে অক্ষম হয়ে পড়েছে বা পরাজয় বরণ করেছে। ইরাকি বাহিনী খ্রিষ্টান ক্রুসেডারদের কাছে সাহায্য চেয়েছে। আর ক্রুসেডারদের মোড়ল ও নেতৃত্বদানকারী তো আমেরিকা, যা সকলেরই জানা। তাহলে কীভাবে এই আরব-উপসাগরীয় দেশগুলো আমেরিকা ও ইরাকি বাহিনীর (যারা আমেরিকার শক্তি ও কর্তৃত্বে সৈন্য সংগ্রহ করছে) সামনে টিকে থাকবে?

কুয়েতের তৎকালীন আমির জাবের আস সাবাহ এবং তার সঙ্গীরা কুয়েতের বিরুদ্ধে ইরাক-যুদ্ধের সময় নেয়া সিদ্ধান্তটি ছিল একটি শ্রেষ্ঠ-চূড়ান্ত সিদ্ধান্ত। আর এ সিদ্ধান্তই আরব-উপসাগরীয় দেশগুলো গ্রহণ করে নিয়েছে— যতক্ষণ না উপসাগরীয় সব দেশ ও আমেরিকার মাঝে এ কথা ও শর্তের

বোঝাপড়া হয়েছে যে, 'তারা তথা দখলদার বাহিনী কুয়েতকে আপন অবস্থায় রেখে দেবে, দখলদার বাহিনী জনসাধারণের সাথে যে প্রতারণা করেছে এবং আমেরিকার স্বার্থ রক্ষা করার উদ্দেশে যেসব কাজ করেছে, এর দিকে দৃষ্টিপাত করা হবে না, দখলদার বাহিনী এ অঙ্গীকারও দিয়েছে যে, তারা কুয়েতের পেট্রোল ও রাজস্ব তলব করবে না।'

উপরে বর্ণিত বক্তব্যে নিশ্চিত প্রমাণিত হয় যে, এসব নামধারী মুসলিম শাসকরা মানসিকভাবে কতটা বিপর্যস্ত ছিল, দখলদার বাহিনীর সামনে কতটা নমনীয় ছিল এবং দখলদারদের সামনে তাদের আচরণ কেমন ছিল?!

উল্লিখিত কথার সারমর্ম হলো, এসব মুসলিম-নামধারী শাসকরা বস্তুত আমেরিকাকে শক্তিশালী করেছে এবং একটি আরব-দেশে হামলা করার ব্যাপারে তাকে সহায়তা করেছে। এসব মুসলিম-নামধারী শাসকদের ও আমেরিকার মধ্যকার যৌথ প্রতিরক্ষা-চুক্তিটি তারা আমেরিকার সেই আরব-দেশটিতে আক্রমণ করার কয়েকদিন পূর্বে নবায়ন ও জোরদার করেছে। তারপর সকলে মিলে সেই অঙ্গিকারকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে। সুতরাং এসব কার্যক্রম ও আচরণ মুসলিমজাতির সিয়াসাত বা রাজনৈতিক বিষয়াবলির ব্যাপারে আমাদের নামধারী মুসলিম শাসকদের অবস্থান পরিষ্কার করে দেয়; প্রকাশ করে দেয় ইসলাম ও মুসলিমজাতির ব্যাপারে তাদের প্রকৃত দৃষ্টিভঙ্গি; উন্মোচন করে দেয় তাদের প্রকৃত মুখোশ। পাশাপাশি কাফিরদের দৃষ্টিভঙ্গি ও আচরণরীতিও প্রকাশিত হলো।

চতুর্থ পয়েন্ট : ইরাকের ওপর আক্রমণ; শক্তি কিংবা সেনাবাহিনী দিয়ে পুরো বিশ্বের ক্রুসেডারদের মোড়ল আমেরিকাকে সহযোগিতা করার ব্যাপারে আরব-দেশগুলো চরম সিদ্ধান্তহীনতায় ভুগেছে। একবার প্রত্যাখ্যান করেছে আমেরিকার সহযোগিতাবার্তা; আরেকবার আমেরিকার সাথে ইরাক-হামলায় একাত্মতা পোষণ করেছে। অতঃপর তারা আবার ফিরে এসেছে প্রথম সিদ্ধান্তে। বাস্তবতা হলো, প্রাথমিক পর্যায়ে আরব-দেশগুলো আমেরিকার প্রস্তাবে একাত্মতা পোষণ না করাটা ছিল, আপন অভ্যন্তরীণ স্বার্থে; কিন্তু পরিশেষে তারা আমেরিকার সামনে আত্মসমর্পণ করেছে; আমেরিকার চাপে তারা নতি স্বীকার করেছে[৩৫]। তারা মার্কিন বাহিনীর জন্য

شروط الإكراه ٣٥

قال ابن حجر : شروط الإكراه أربعة :

(١) أن يكون فاعله قادراً على إيقاع ما يهدد به، والمأمور عاجزاً عن الدفع ولو بالفرار.

(٢) أن يغلب على ظنه أنه إذا امتنع أوقع به ذلك.

(٣) أن يكون ما هدد به فورياً، فلو قال : إن لم تفعل كذا ضربتك غداً لا يعد مكرهاً. ويستثنى ما إذا ذكر زمناً قريباً جداً، أو جرت العادة بأنه لا يخلف.

(٤) أن لا يظهر من المأمور ما يدل على اختياره.

ইকরাহ তথা বাধ্য হওয়ার শর্তাবলি—

হাফিজ ইবনু হাজার আসকালানি রাহি. '*ফাতহুল বারি*' কিতাবের 'কিতাবুল ইকরাহ'তে লিখেন :

ইকরাহের অধ্যায়, ইকরাহ্ [বাধ্য করা] বলা হয় অন্যের ওপর এমন কিছু চাপিয়ে দেয়া, যা সে চাচ্ছে না। ইকরাহ্ সাব্যস্ত হওয়ার শর্ত চারটি :

১. মুকরিহ [বাধ্যকারী] যা করার হুমকি দিচ্ছে তা বাস্তবায়ন করতে সক্ষম হওয়া এবং মুকরাহ [বাধ্য ব্যক্তি] তা প্রতিহত করতে অক্ষম হওয়া, চাই তা পলায়ন করার মাধ্যমেই হোক না কেন।

২. মুকরাহের [বাধ্য ব্যক্তির] প্রবল ধারণা হওয়া যে, যদি সে কাজটি করা থেকে বিরত থাকে, তাহলে মুকরিহ তার প্রদান করা হুমকি বাস্তবায়ন করবে।

৩. যা করার হুমকি দিচ্ছে তা তাৎক্ষণিক হতে হবে। যদি এমন বলে, তুমি যদি এ কাজটি না করো, তাহলে তোমাকে আগামীকাল প্রহার করব, তা 'বাধ্য হওয়া' হিসেবে সাব্যস্ত হবে না। তবে ইকরাহ্ হিসেবে ধর্তব্য হবে যদি খুবই নিকটবর্তী সময়ের কথা উল্লেখ করে বা সকলেই জানে, সে যা বলে তা করেই ছাড়ে।

৪. আদিষ্ট ব্যক্তির অন্যায় কাজটি স্বেচ্ছায় করার কোনো প্রমাণ না থাকতে হবে।

সম্মানিত পাঠক! একটু গভীরভাবে চিন্তা করে দেখুন তো, উপরে যেসব মুসলিম শাসকদের কথা বলা হলো তাদের ক্ষেত্রে 'ইকরাহ'-এর শর্তগুলো পাওয়া যায় কি-না। কুরআন-সুন্নাহ ও আইম্মায়ে মুজতাহিদিনের বক্তব্যের আলোকে নিরপেক্ষভাবে প্রতিটি সমস্যার সমাধান করুন। আল্লাহ সকলকে সরল পথে অবিচল থাকার তাওফিক দান করুন। আমিন।

বি.দ্র. কোনো কোনো বন্ধু এ ধরনের শাসক ও বিচারকদের ব্যাপারে বলতে পারেন যে, তারা যা কিছু করছে, তা তারা ইচ্ছে করে করছে না; বরং তারা ভুলক্রমে করছে বা অজ্ঞতাবশত এবং না জেনে করছে।

জলপথ, স্থলপথ ও আকাশপথ খুলে দিয়ে ইরাকের ওপর হামলার ব্যাপারে তাদের সাথে শরিক হয়েছিল; রেখেছিল বিরাট অবদান—এ জঘণ্যতম কর্মের কারণে ইসলামি শরিয়া-নির্দেশিত সর্বাধিক ভয়ংকর বিধান তাদের ওপর আরোপিত হওয়া সত্ত্বেও। সেই ভয়ংকর বিধানটি হলো, 'মুসলিমদের বিরুদ্ধে কাফিরদের সহযোগিতা করার দ্বারা ঈমান চলে যায়; মুরতাদ হয়ে যায়।' **কারণ, ঈমান ভঙের দশটি কারণের অন্যতম হলো, 'মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য-সহযোগিতা করা।'** তাছাড়া তাদের এ ধরনের অবস্থানটা ছিল মুসলিম উম্মাহর বিরুদ্ধে বড় ধরনের এক খিয়ানত ও প্রতারণা। এর পাশাপাশি আরো যেসব ক্ষতি—

১. তাদের প্রতি জনবিদ্বেষ সৃষ্টি হয়েছে।
২. এসব মুসলিম-নামধারী মুরতাদ, বিশ্বাসঘাতক, মুসলিমদের নিরাপত্তাদানে অক্ষম শাসকদের বিরুদ্ধে তৈরি হয়েছে বিদ্রোহ-পরিস্থিতি।

আচ্ছা বন্ধুরা! যারা শাসক ও বিচারকদের ব্যাপারে এ ধারণা পোষণ করে যে, তারা যা করছে তা তারা ভুলক্রমে করছে বা না জেনে করছে, এ কথাটিকে তো ইসলামি শরিয়ত সমর্থনই করে না, যা আমরা পূর্বোক্ত আলোচনা থেকে বুঝতে পেরেছি। এমনকি কোনো সুস্থ বিবেক-বুদ্ধিও তা সমর্থন করে না। তাদের এ ধরনের দাবি আগাগোড়া পুরোটাই অযৌক্তিক। যারা বিশ্বপ্রতিপালক, স্রষ্টা আল্লাহর শরিয়তকে রাষ্ট্রীয় শাসনব্যবস্থা থেকে অপসারণ করেছে, দীন-ইসলামকে যাদুঘরে পাঠিয়েছে, যারা পূর্ণাঙ্গ শরিয়তকে বাস্তবায়ন করতে চায় তাদেরকে জগতের সর্বাধিক নিকৃষ্ট ভাষায় গাল-মন্দ করে এবং এ কারণে তাদের ওপর নেমে আসে দুনিয়ার সর্বাধিক ভয়ংকর শাস্তির স্টীম-রোলার, ইসলামি শরিয়তকে পশ্চাৎগামিতা ও উন্নয়নের যুগের সাথে তালমিলিয়ে চলতে না পারার অভিযোগে অভিযুক্ত করে, আল্লাহপ্রদত্ত আইনের বিপরীতে ফরাসি কুফরি আইন, আমেরিকান কুফরি আইন ও ব্রিটেনের কুফরি আইনকে রাষ্ট্রের শাসনব্যবস্থায় প্রতিস্থাপন করে, তাদেরকে কীভাবে 'ভুলকারীদের ও অজ্ঞদের' অন্তর্ভুক্ত করা যায়! তাছাড়া যারা সংবিধান থেকে 'আল্লাহর ওপর পূর্ণ আস্থা ও বিশ্বাস' বিলুপ্ত করে 'ধর্মনিরপেক্ষতা' প্রতিস্থাপন করেছে, তারা কি জানে না, 'ধর্মনিরপেক্ষতা' প্রতিস্থাপনের জন্য কোন্ আকিদা তারা রহিত করেছে? তারা কি এ বিষয়ে অজ্ঞ? নিকট অতিতে আপনারাই তো প্রত্যক্ষ করেছেন যে, ইসলামি দলগুলো যখন দেশে গুটি কয়েকটি শরয়ি আইন চালু করার জন্য শাসকদের নিকট বারবার দাবি উত্থাপণ করছে, আর শাসকরা তাদেরকে কঠোর হস্তে দমন করেছে, এমতাবস্থায় শাসকরা কী প্রত্যাখ্যান করছে, এটা কি তারা জানে না? কোনো বিবেকবান কি এ ধরনের হাস্যকর দাবি মেনে নিতে পারে? আল্লাহ হিফাজত করুন। আমিন।

আর এসব মুসলিম-নামধারী শাসকদের দৃষ্টিতে এর থেকেও ভয়ংকর ও গুরুত্বপূর্ণ বিষয় হলো, বহিঃশক্তির সামরিক আগ্রাসন ও বলপ্রয়োগের মাধ্যমে যেন তাদের একনায়কতন্ত্র, এক-স্বায়ত্তশাসনের দরজা বন্ধ না হয়ে যায়। বিশেষত রফিক আল আসারের কথা উল্লেখযোগ্য। সে আমেরিকার দালালি ও মুসলিমজাতির সাথে খিয়ানত ও প্রতারণার ব্যাপারে বিশেষ ভূমিকা পালন করেছে। আমেরিকা যখন তাকে ইরানের বিরুদ্ধে প্রথম উপসাগরীয় যুদ্ধের লেলিহান শিখা প্রজ্জ্বলিত করার আদেশ করল, সে তা খুব নিষ্ঠার সাথে পালন করেছিল। কারণ, ইরান আমেরিকার গোলামির বেড়ি গলা থেকে অপসারণ করেছিল। তারপর কাফিরদের প্ররোচনা ও ষড়যন্ত্রে পরস্পর মুসলিমদের মাঝে জ্বলতে থাকল যুদ্ধের অগ্নিশিখা। তাদের পরস্পরের মাঝে যুদ্ধ-পরিস্থিতি এ পর্যায়ে গড়িয়েছে যে, তা আজও পর্যন্ত থামে নি। আর ভবিষ্যতে আরো যে যুদ্ধগুলো তাদের মাঝে সংঘটিত হবে, তা তো হবে পূর্বের এসব কারণকে কেন্দ্র করেই।

আরব-উপসাগরীয় দেশগুলোর রাজারা কি জানে না যে, তারা কাফিরদের কাঁধে কাঁধ মিলিয়ে আজ অপর মুসলিম-দেশে হামলা করছে, আগামীকাল যে তা তাদেরই ওপর আপতিত হবে? তারা অবশ্যই জানে, ভবিষ্যতে তা তাদের বিরুদ্ধে বাস্তবায়িত হবে। তারা কাফিরদের নির্যাতন-নিপীড়ন ও শত্রুতা বন্ধের লক্ষ্যে তাদের বিরুদ্ধে কোনো কঠিন সিদ্ধান্ত গ্রহণের সাহস বা অধিকার রাখে না; আর কাফিরদের বিরুদ্ধে বস্তুগত শক্তি তথা সামরিক শক্তি বাড়ানো, শক্তি অর্জন করা তো দূরের কথা। কারণ, কাফিররা অনেক আগ থেকেই এসব মুসলিম-নামধারী শাসকদের থেকে গোপনীয়ভাবে এ প্রতিশ্রুতি নিয়ে রেখেছে যে, তারা তাদের বিরুদ্ধে বড় ধরনের কোনো সামরিক শক্তি অর্জন করতে পারবে না।

পঞ্চম পয়েন্ট : সামনের এ আলোচনার দ্বারা—সমগ্র মুসলিমজাতির সংকট-সমস্যার ব্যাপারে মুসলিম-নামধারী এসব শাসকদের অবস্থান ও দৃষ্টিভঙ্গি থেকে আরো সুস্পষ্টভাবে প্রতিভাত হয় যে, এসব শাসক আমেরিকাকে সাহায্য করে যাচ্ছে। তারা আফগানিস্তানের[৩৬] মুসলিমদের

---

৩৬ . পূর্বে জাতিসংঘ নিয়ে বিস্তারিত আলোচনা গিয়েছে। এখানে মৌলিকভাবে আলোচনা করা হবে জাতিসংঘের সদস্যরাষ্ট্র সর্বমোট কয়টি এবং কোন কোন মুসলিম-দেশ

ওপর হামলার ব্যাপারে ক্রুসেডার আমেরিকাকে সমর্থন দিয়ে রেখেছে বিরাট অবদান। সন্দেহাতীতভাবে এটি ছিল একটি ইসলামি রাষ্ট্রের বিরুদ্ধে কাফিরদের সহযোগিতা করা। সুতরাং এ ধরনের কর্ম বড় কুফর, যা ব্যক্তিকে ইসলাম থেকে বের করে দেয়[৩৭]।

তার সদস্য, সেগুলোর অন্যতম কয়েকটি দেশের নাম। জাতিসংঘের সদস্যরাষ্ট্র সর্বমোট ১৯৩ টি। নিম্নে কয়েকটি মুসলিম সদস্যরাষ্ট্রের নাম উল্লেখ করা হলো—

আফগানিস্তান, বাহরাইন, বাংলাদেশ, মিশর, ইন্দোনেশিয়া, ইরাক, জর্দান, কাজাখাস্তান, কুয়েত, কিরগিজিস্তান, লেবানন, লিবিয়া, মালয়েশিয়া, মালি, মৌরিতানিয়া, ওমান, পাকিস্তান, কাতার, সৌদি আরব, সোমালিয়া, সুদান, সিরিয়া, তাজিকিস্তান, তুরস্ক, তুর্কমেনিস্তান, সংযুক্ত আরব আমিরাত, উজবেকিস্তান ও ইয়েমেন। সূত্র : *উইকিপিডিয়া।*

আরেকটি গুরুত্বপূর্ণ আলোচনা, ন্যাটো-বাহিনীর সদস্যরাষ্ট্র সর্বমোট কয়টি এবং কোনো মুসলিম-দেশ ন্যাটো-বাহিনীর অধীনে আছে কি? ন্যাটো-বাহিনীর সদস্যরাষ্ট্র সর্বমোট ৩০ টি। দুটি মুসলিম-দেশ ন্যাটো জোটের অন্তর্ভুক্ত। এক. তুরস্ক; দুই. আলবেনিয়া। তুরস্ক ন্যাটো-জোটের প্রথম সারির ও অন্যতম এক সদস্য। ন্যাটো-জোট পরিচালনার ক্ষেত্রে এবং বিশ্বের বিভিন্ন দেশে অপারেশন চালানোর জন্য তুরস্ক পর্যাপ্ত পরিমাণ অর্থ দিয়ে থাকে এবং বিপুল পরিমাণ সৈন্যবাহিনী প্রদান করে থাকে। বলাবাহুল্য যে, এই জাতিসংঘ ও ন্যাটো-জোটই সমগ্র মুসলিমজাতি ও ইসলামের বিরুদ্ধে যুদ্ধরত। আফগানিস্তানে এই ন্যাটো-জোট হামলা চালিয়েছে এবং জাতিসংঘের সদস্যরাষ্ট্রসমূহও। আর তাতে অনেক মুসলিম-দেশও ছিল! সূত্র : *উইকিপিডিয়া।*

৩৭. ওলামায়ে কেরাম বলেছেন, 'প্রত্যেক মুসলিম যেন জেনে রাখে, কাফিরদের পতাকাতলে প্রবেশ করা, তাদের পক্ষ নিয়ে যুদ্ধ করা বা তাদেরকে যে-কোনোভাবে সহযোগিতা করা যথা : তাদের পক্ষ হয়ে যুদ্ধ করা বা মুসলিম বাহিনী কাফিরদের জন্য দলিল হওয়া বা তাদেরকে সাহায্য করার নিশ্চয়তা দেয়া বা রসদ সরবরাহ-পথের নিরাপত্তা প্রদান করা বা তাদের জন্য পানাহারের যোগান দেয়া বা খাবার ও পানীয়কে এক স্থান থেকে অন্যত্র স্থানান্তর করা বা তা সহজ করা বা তাদেরকে পাহারা দেয়া বা তথ্য ও সংবাদ ইত্যাদির মাধ্যমে সাহায্য করা বা প্রত্যেক এমন কাজ যা যুদ্ধের জন্য সহযোগী হয় বা তাদেরকে পরামর্শ দেয়া অথবা তাদেরকে পথের সন্ধ্যান দেয়া, এগুলোর যে-কোনো একটা করার অর্থ হলো, আল্লাহর সাথে কুফরি করা এবং ঈমান ভঙের কারণসমূহের মধ্য হতে কোনো একটাতে পতিত হওয়া। আর এর দ্বারা ব্যক্তি কাফির ও মুরতাদ হয়ে যায় আর এর ওপর সকলেই একমত।'

ষষ্ঠ পয়েন্ট : এমন কিছু সুস্পষ্ট নিদর্শন ও অবস্থা দৃশ্যমান হয়েছে, যা উপসাগরীয় দেশগুলোর[৩৮] অবস্থান ও দৃষ্টিভঙ্গি স্পষ্ট করে দেয়। যখনই কোনো আরব-উপসাগরীয় দেশ মার্কিনি চাপের মুখোমুখি হয় তখনই সে-দেশ মার্কিনিদের হাতে স্থানীয় এলাকার পেট্রোল-খনি সোপর্দ করে দেয়। আর এরই একটি বাস্তব দৃষ্টান্ত—আরব-উপসাগরীয় দেশগুলোর সম্মিলিত পৃষ্ঠপোষকতা ও সমর্থন। আর এটাকে 'মুবাদারাতু জায়েদ'[৩৯] নামে

[عن بيان للمشايخ؛ علي الخضير وناصر الفهد وأحمد الخالدي].

৩৮. উপসাগরীয় দেশ সর্বমোট আটটি : বাহরাইন, কাতার, কুয়েত, ওমান, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, লেবানন, সিরিয়া। সূত্র : *বাংলা উইকিপিডিয়া*।

৩৯. 'মুবাদারাতু জায়েদ' সম্মেলনটি সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপ্রতি জায়েদ আন-নাহিয়ানের উদ্যোগে সংঘটিত হয়েছিল। এজন্য তার নামেই সম্মেলনটি প্রসিদ্ধতা লাভ করেছে। সে সর্বপ্রথম সাদ্দামকে এ প্রস্তাব পেশ করেছে যে, সে ক্ষমতার মসনদ থেকে সরে পড়বে এবং নিরাপদ কোনো স্থানে আশ্রয় নেবে আর তাকে রাষ্ট্রীয়ভাবে নিরাপত্তা দেয়া হবে। আর সে ইরাককে আমেরিকা ও সংযুক্ত আরব আমিরাতের রক্ষণাবেক্ষণে বা জিম্মায় রেখে দেবে। তার এই উদ্যোগকে ঐক্যবদ্ধভাবে আরব-উপসাগরীয় রাষ্ট্রগুলো সমর্থন করেছে।

কাতারের পররাষ্ট্রমন্ত্রী হামদ ইবনু জাসিম এক সাংবাদিক সম্মেলনে যেখানে উপসাগরীয় রাষ্ট্রগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা একত্রিত হয়েছিল সেখানে সে বলেছিল, 'আরব-উপসাগরীয় রাষ্ট্রগুলো খুব শক্তভাবে শাইখ জায়েদের উদ্যোগকে সমর্থন ও শক্তিশালী করেছে এবং পাশাপাশি তারা মনে করছে, এটা অনেক গুরুত্বপূর্ণ একটি উদ্যোগ। সূত্র : *'তাওজিহাতুন মানহাজিয়্যাহ'*-এর টীকা দ্রষ্টব্য।

প্রিয় পাঠক! একটু গভীরভাবে লক্ষ করুন যে, কীভাবে সে মুসলিম উম্মাহর কর্ণধার হয়ে একটি মুসলিম-রাষ্ট্রকে ক্রুসেডারদের মোড়ল আমেরিকার রক্ষণাবেক্ষণে ও জিম্মায় অর্পণ করার প্রস্তাব পেশ করতে পারে!!! তাছাড়া কীভাবে অন্যান্য আরব-রাষ্ট্রগুলো তার এ উদ্যোগকে সমর্থন ও শক্তিশালী করতে পারে! সাদ্দামকে ক্ষমতা থেকে অপসারণ করা হয়েছে। আরব-রাষ্ট্রগুলোর সাহায্য ও সহযোগিতায় মুসলিম-দেশ ইরাক সমগ্র মানবতা চির দুশমন আমেরিকার হাতে চলে যায়। চরম একটা বাস্তবতা খেয়াল করুন, যত মুসলিম-দেশ আছে এগুলোর সিংহভাগই ইসলাম ও মুসলিমদের দুশমন কাফিররা নামধারী মুসলিম গাদ্দার, মুরতাদ শাসক ও মুসলিম জনসাধারণের সহযোগিতায় জবরদখল করে নিয়েছে। বাস্তবতা লক্ষ করুন, আমার প্রিয় ভূমি আফগানিস্তানের কথা। যদি তার পাশ্ববর্তী দেশ পাকিস্তান আমেরিকাকে সাহায্য না করত এবং তাদেরকে ঘাঁটি না দিত, তাহলে কীভাবে তারা আফগানিস্তানে আক্রমণ চালাত? এসব নামধারী শাসকদের সাহায্যেই আফগান-ভূমিতে প্রতিষ্ঠিত ইমারাতে ইসলামিয়া ধ্বংস হয়েছে। *অনুবাদক*

নামকরণ করা হয়। আরব-উপসাগরীয় দেশগুলো সাদ্দামের কাছে প্রস্তাব করেছে যে, ইরাক, ইরাকের জনগণ এবং ইরাকের পেট্রোল-খনি নিঃশর্তে তাদের কাছে হস্তান্তর করবে। আর সে ইরাকের মসনদ বা ক্ষমতা থেকে সরে পড়বে। এর বিনিময়ে তারা তাকে রাজনৈতিক আশ্রয় দেবে—এ শর্তে যে, ইরাকে কোনো রক্তপাত করা হবে না। আর ওদিকে বাদশাহ সাউদ আল-ফয়সাল নির্লজ্জভাবে এ নীতি বা সিদ্ধান্তকে বারবার জোরদার করেছে। আর এ সিদ্ধান্তের ফলাফল দাঁড়িয়েছে—যখনই উপসাগরীয় দেশগুলো ইরাকের পেট্রোল-খনি জবরদখল করাকালীন মার্কিনি চাপের মুখোমুখি হয়েছে তখন দ্রুত তারা সেই অবস্থান (চাপের মুখে মার্কিনিদের হাতে তেল-সম্পদ সোপর্দ করে দিয়েছে) বা সিদ্ধান্তই গ্রহণ করে নিয়েছে। আর এদের অন্যতম ছিল রিয়াদের আমির।

সপ্তম পয়েন্ট : কিছু বাস্তবসম্মত ঘটনা ও সুস্পষ্ট প্রমাণাদি, যা ইসলাম ও সমগ্র মুসলিমজাতির শত্রুদের শত্রুতা, ষড়যন্ত্র ও অপতৎপরতা প্রতিরোধে আরব-উপসাগরীয় মুসলিম-দেশগুলোর শাসকবৃন্দের অবস্থান ও দৃষ্টিকোণ তুলে ধরবে। বিশেষত অন্যতম আরব-উপসাগরীয় দেশ সৌদি আরবের অবস্থান ও দৃষ্টিকোণ। যখন মার্কিন ট্যাংকগুলো জাজিরাতুল আরব তথা সৌদ আরবের মাটিতে পদার্পণ করল এবং মুসলিম-ভূখণ্ড জবরদখল করতে ক্রুসেডীয় বিমানগুলো সর্বাধুনিক সরঞ্জাম ও অস্ত্রশস্ত্র নিয়ে পৌঁছাল তখন উপসাগরীয় দেশগুলোর প্রধান দেশ সৌদি আরবের বাদশাহ ফাহাদ ইবনে আবদুল আজিজ আলে সাউদ আমেরিকার সম্মুখে নতি স্বীকার করল, বশ্যতা মেনে নিল এবং মুসলিমদেরকে আমেরিকার সামনে মাথানত করা, আত্মসমর্পণ করা ও লাঞ্ছনার জীবন গ্রহণে প্রবৃত্ত করল!

সে আরো বলেছে, 'মার্কিন সেনাবাহিনী, যুদ্ধবিমান ও ট্যাংকগুলো যুদ্ধের উদ্দেশে আমাদের দেশে পদার্পণ করে নি!!!'[৪০] হায় লজ্জা, হায় অপমান, লাঞ্ছনা! কবি বলেন—

৪০. আল্লাহর দুশমন ফাহাদ ইবনে আবদুল আজিজ আলে সাউদ ১৪১১ সালের মহর্‌রম মাসের ১৮ তারিখে একটি ভাষণ দিয়েছিল। আর সে-ই 'বিলাদুল হারামাইনে' ক্রুসেড-যুদ্ধের ঘোষণার সূচনা করেছে। সে বলেছে, 'হে আমার মুসলিম ভাইয়েরা! পূর্বে দুঃখজনক ঘটনা কুয়েতযুদ্ধ গত হয়েছে। ইরাকি বাহিনী সৌদি-সীমান্তে বড় ধরনের সৈন্য সমাবেশ করছে। সৌদি-সরকার দেশ ও জাতির এবং অর্থনৈতিক

'যখন তুমি জানবে না যে, তোমার গগনে বিপদের ঘনঘটা উদয় হয়েছে; এটি একটি সংকট। আর যখন তুমি জানবে না যে, তোমার দুয়ারে বিপদ-হাওয়া বইছে, তাহলে এটি মহা সংকট'।

আলোচ্য কথার সারমর্ম

এই শাসক, যে ইসলামি শরিয়তের কতক বিধানকে বিশ্বাস করে (সবেমাত্র যার আলোচনা গত হলো) সে কখনোই শত্রু-কবলিত মুসলিম-ভূখণ্ড প্রতিরক্ষা করতে পারবে না। আর যে ইসলামি শরিয়তের সব বিধান বিশ্বাস করার পাশাপাশি বাস্তব জীবনে ঈমানবিধ্বংসী বিভিন্ন কার্যক্রমে যুক্ত থাকে, কীভাবে তার থেকে মুসলিমজাতি ও মুসলিম-ভূখণ্ডের নিরাপত্তা নিশ্চিত করা এবং কল্যাণের আশা করা যায়!!!

নিশ্চয় যারা মুসলিম উম্মাহর বিরুদ্ধে কাফিরগোষ্ঠীকে সহযোগিতা করে, মুসলিমদের রক্ত, মান-মর্যাদা ও ধন-সম্পদ বৃথা যেতে দেয়, এমনকি এক পর্যায়ে কাফিরদের সামনে মাথানত করে এরাই দাবি করে যে, তারা তাদের মুসলিম ভাইদের ভালোবাসে, এবং এ বুলি আওড়ায় যে, তারা ইসলাম ও

বিভিন্ন বিষয়ে নিরাপত্তার শঙ্কা অনুভব করছে। এজন্য সৌদি-বাদশাহ নিজেদের আরব-সৈন্যবাহিনীর সাথে অন্য এক বন্ধু বাহিনী যোগ করার ঘোষণা দিয়েছে। তড়িৎ গতিতে আমেরিকা-সরকার আমাদের আহ্বানে সাড়া দিয়েছে যেভাবে ব্রিটেন সরকার সাড়া দিয়েছে এবং আরো অন্যান্য ওইসব দেশ যাদের সাথে সৌদি আরবের খাঁটি বন্ধুত্ব ও আন্তরিকতার বার্তা বা চুক্তি রয়েছে। এরা সৌদি বাহিনীর সাথে একযোগে দেশ ও দশের নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে যে-কোনো শত্রু-বাহিনীকে প্রতিরোধ করবে।

[السياسة الخارجية للمملكة العربية السعودية مائة عام : ص ٧٤٩-٧٥٠].

সম্মানিত পাঠকগণ! একটু বলুন তো, আমেরিকা ও ব্রিটেনের বর্বরতার কথা কার না জানা আছে? তারা কি মুসলিমজাতির রক্ষক না ভক্ষক? এটা কার না জানা আছে? তাহলে কীভাবে মুসলিম-দেশে এই কুখ্যাত জঙ্গি ও সন্ত্রাসীদেরকে জায়গা দেয়া হলো! আসলে এই নামধারী মুসলিম শাসকরা নিজেদের ক্ষমতা, রাজতন্ত্র, প্রভুদের মন রক্ষা এবং নিজেদের আয়েশি জীবন যেন হারিয়ে না যায়, সেজন্য ইসলাম ও মুসলিমজাতির বিরুদ্ধে এ ধরনের ধ্বংসাত্মক ও ঘৃণ্য আয়োজন। আল্লাহ! তুমি মুসলিমজাতিকে হিফাজত করো এবং এ ধরনের ঈমানবিধ্বংসী কার্যক্রম থেকে বেঁচে থাকার তাওফিক দান করো। আমিন।

মুসলিমদের বিরুদ্ধে যা করছে তা বাধ্য হয়ে করছে!!! (কোনো সন্দেহ নাই যে, তাদের এই বাধ্য শরয়ি দৃষ্টিকোণ থেকে গৃহীত নয়) সৌদি-বাদশাহ ও দায়িত্বশীল ব্যক্তিবর্গই আরব-উপসাগরীয় রাষ্ট্রগুলোর পরস্পরের মাঝে তেল ও খনিজ সম্পদ নিয়ে বিরোধ-দ্বন্দ্ব সৃষ্টির মূল নায়ক, মাস্টারমাইন; বরং স্বয়ং সৌদি আরবেও এই নীতি বাস্তবায়ন হয়েছে। যেমন, রিয়াদের শাসক সৌদি আরবের পূর্বাঞ্চলীয় ও মধ্যভাগ ইত্যাদি বিভিন্ন স্থানের তেল ও খনিজ সম্পদ আমেরিকার হাতে ছেড়ে দিয়েছে আর উত্তর এবং পশ্চিমাঞ্চলীয় কিছু অংশের তেল ও খনিজ সম্পদ ইহুদিদের হাতে সমর্পণ করেছে। এর বিনিময়ে তারা জিজান[৪১], সামতা[৪২] ও আবু আরিশ[৪৩] ইত্যাদি বিভিন্ন

৪১. জাজন অথবা জিজান সৌদি আরবের দক্ষিণ-পশ্চিম কোণের জাজন অঞ্চলের প্রধান শহর। এ শহরের উত্তরে রয়েছে ইয়ামেন-সীমান্ত। লোহিত সাগরের উপকূলের বন্দর নগরী জাজন, পেতাশ্রয় ও কৃষি-খামারের জন্য বিখ্যাত। আম, ডুমুর এবং পেঁপের মতো গ্রীষ্মকালীন ফলের জন্য মধ্যপ্রাচ্যে এ শহরের বিশেষ কদর রয়েছে। সূত্র : *উইকিপিডিয়া*।

৪২. সামতা দক্ষিণ-পশ্চিম সৌদি আরবের জিজান প্রদেশের একটি শহর ও উপ-বিভাগ। সূত্র : *উইকিপিডিয়া* (ইংরেজি)

৪৩. আবু আরিশ দক্ষিণ-পশ্চিম সৌদি আরবের জিজান প্রদেশের একটি শহর। ঐতিহাসিকভাবে আবু আরিশ, এর খামার এবং খাঁটি জলের জন্য সুপরিচিত। আবু আরিশ অঞ্চলটি কেন্দ্রস্থলে অবস্থিত। এর অবস্থানের কারণে এটি এ অঞ্চলের বাণিজ্যিক কেন্দ্র। বেশিরভাগ ব্রান্ডের উপস্থিত রয়েছে এখানে। সূত্র : *উইকিপিডিয়া*।

অঞ্চলের নিরাপত্তা নিশ্চিত করবে। সুতরাং যারা বিগত ও বর্তমান শাসকবৃন্দের ইতিহাস ও জীবনদর্শন অধ্যয়ন ও গভীরভাবে চিন্তা করবে, তারা অবশ্যই জানতে ও বুঝতে পারবে, বর্তমান মুসলিমদের অধঃপতন ও দুরাবস্থার জন্য দায়ী একমাত্র এসব নামধারী মুসলিম শাসকরাই। তবে আল্লাহ যার প্রতি দয়া করে ভয়ংকর ও ঘৃণ্য কাজ থেকে মুক্ত রেখেছেন তার কথা ভিন্ন।

সৌদি-বাদশাহ কার্যতই মুসলিম সন্তানদের ব্যাপারে বাড়াবাড়ি-নীতি অবলম্বন করেছে। সৌদি-বাদশাহ কর্তৃক মুসলিম সন্তানদেরকে দেশ থেকে বিতাড়িত করা, তাদেরকে কারারুদ্ধ করা, তাদেরকে খারেজি অপবাদ দিয়ে কাফির আখ্যায়িত করা এবং হত্যা করা ইত্যাদি কার্যক্রম পরিচালিত হচ্ছে [আমরা তাদেরকে শহিদ মনে করি এবং আল্লাহই তাদের জন্য যথেষ্ট]। আর এসব কাজ ওই বছর রবিউল আওয়াল মাসে রিয়াদে বোমা-হামলা[৪৪] হওয়ার পূর্বেই সংঘটিত হয়েছে। অথচ এসব নামধারী মুসলিম-শাসক ও ব্যক্তিরা এ বুলি আওড়িয়েছে যে, রিয়াদের বোমা-হামলাকে কেন্দ্র করেই আমরা এ ধরনের অপারেশন পরিচালনা করেছি। তাছাড়া মুসলিম-দেশগুলোতে মুসলিমদেরকে টার্গেট করে যে হামলাগুলো হয়ে থাকে, চাই তা সরকারি পৃষ্ঠপোষকতায় হোক বা অন্য কোনোভাবে, এসবই ক্রুসেডার-মোড়ল আমেরিকার নির্দেশে তাদের নীল নকশা বাস্তবায়নের লক্ষ্যেই হয়ে থাকে; যাতে এর বিনিময়ে এসব নামধারী মুসলিমরা আমেরিকার সন্তুষ্টি[৪৫]

করতে পারবে না যতদিন পর্যন্ত ফিলিস্তিনের মুসলিমরা শান্তিতে বসবাস করতে পারবে না এবং যতদিন সকল ক্রুসেডার-সৈন্য মুহাম্মাদের এ দীপ বা রাষ্ট্র থেকে বের না হবে।

جاء في كتاب؛ "عملية شرق الرياض وحربنا مع أمريكا وعملائها، الفصل الرابع/إصدار مركز الدراسات

৪৫. শাইখ শহিদ ইউসুফ উয়াইরি রাহি. বলেন, 'বাস্তবতা হলো, বর্তমান মুসলিম উম্মাহর উপরে অত্যন্ত কঠিন এক পরিস্থিতি অতিবাহিত হচ্ছে। বর্তমান সমগ্র মুসলিম-বিশ্বের জেলখানায় যত কয়েদি বা বন্দি রয়েছে তাদের সিংহভাগই মুজাহিদরা এবং দীনের ধারক-বাহকরা। কেউ কি সত্যায়ন করবে যে, জিহাদ এমন এক বড় অপরাধ হয়ে দাঁড়িয়েছে যাকে সরকারিভাবে বা রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় কঠোর হস্তে দমন করা হচ্ছে। এটা কি চিন্তা করা যায় যে, এসব মুসলিম-নামধারী শাসকদের কঠোরতা কোন পর্যায়ে চলে গেছে যে, এরা মুসলিম সন্তানদেরকে খ্রিষ্টান ক্রুসেডারদের হাতে

ও ভালোবাসা লাভ করতে পারে। অপর দিকে এসব শাসকই মুসলিম-ভূখণ্ডে ক্রুসেডারদের জায়গা করে দিয়ে মুসলিম তরুণদেরকেই উত্তেজিত করেছে। আর তাদের এ সবকর্মই ইসলাম ধর্মের বিপরীত, মুসলিমদের শাআইর তথা পবিত্র স্থানগুলোর সাথে হাসি-তামাশার নামান্তর এবং হারামাইনের সন্তানদের জন্য চ্যালেঞ্জ। পাশাপাশি এর মাধ্যমে নামধারী মুসলিম-শাসকরা বাস্তবিক অর্থেই মুসলিমজাতির নিরাপত্তা বিঘ্নিত করেছে। এখানে বিস্তারিত আলোচনার অবকাশ না থাকার কারণে এ মাসআলা স্বতন্ত্রভাবে একটি বিশেষ পুস্তিকায় 'বিলাদুল হারামাইন' সম্পর্কে আলোচনা করব। আমি আশাবাদি, আল্লাহ চাহে তো তোমাদের কাছে তা পৌঁছাবে।

কাফিরদের স্বার্থ রক্ষার্থে নামধারী মুসলিম শাসকদের দালালি; পাশাপাশি মুসলিমদের সাথে শত্রুদের কুকুরের ন্যায় আচরণ; মুসলিমদের অবস্থা; এসব শাসক-কর্তৃক আল্লাহর দীনের সাথে খিয়ানত, মুসলিম জনসাধারণের সাথে জুলুম-অত্যাচার এবং আল্লাহর সৈনিক মুজাহিদদেরকে জিহাদ থেকে দূরে রাখা—এসব বিষয়ের প্রকৃত অবস্থা সংক্ষিপ্তাকারে ফুটে ওঠেছে সামনের এই পঙক্তিমালায়। কবিতাগুলোর সিংহভাগই ড. ইউসুফ আবু হিলালা কর্তৃক রচিত। তিনি বলেন—

'আজ সমগ্র মুসলিম উম্মাহ তো কাফিরদের খেলনা ও ক্রিয়া-কৌতুকে পরিণত হয়েছে;

তুলে দেয়! যদি আপনারা একটু বিস্তারিতভাবে পরিসংখ্যান করেন, মুসলিম-দেশগুলোর কারাগারগুলোতে কারা অবস্থান করছে , তাহলে আপনার কাছে সুস্পষ্ট হয়ে যাবে যে, এসব নামধারী মুসলিম শাসকদের প্রধান শত্রুই জিহাদ এবং মুজাহিদিন। যারা সত্য প্রকাশে নির্ভীক তারা আল্লাহর জন্য কোনো নিন্দুকের পরোয়া করে না। আল্লাহর সৈনিক মুজাহিদদেরকে যতই বন্দি রাখা হোক, দেশান্তর করা হোক, যতই কঠিন শাস্তি দেয়া হোক এবং খ্রিষ্টান ক্রুসেডারদের হাতে তুলে দেয়া হোক তাদেরকে জিহাদ থেকে বিরত রাখা যাবে না। কারণ, জিহাদ একটি প্রাচীন অনুসরণীয় পথ বা পদ্ধতি।

[مستقبل العراق والجزيرة العربية، إعداد مركز الدراسات].

ড. আফিয়া সিদ্দিকি একটি পরিচিত নাম। পাকিস্তানের অধিবাসী। আমাদের প্রিয় বোন। আমেরিকার দালাল মুরতাদ শাসক মুশার্‌রফ আমাদের এ মুসলিম বোনকে তার সন্তানাদিসহ আমেরিকার হাতে তুলে দিয়েছে। অপরাধ একটাই সে না-কি জিহাদি কার্যক্রমের সাথে সম্পৃক্ত!

খ্রিষ্টান ও ইহুদিরা সবাই তাদের নিয়ে খেলা করছে!

মুসলিমদের বাদশাহ এবং বিভিন্ন দুর্ঘটনা ধ্বংস করে দিচ্ছে মুসলিমজাতিকে;
শাহি মসনদে শাসকরা প্রতিমূর্তি এবং গোশতবিহীন হাড্ডি হয়ে আছে।

আল-কুদস! তোমার প্রতি শত আফসোস, তোমার পবিত্রতা কলঙ্কিত করা হচ্ছে;
আর অপর দিকে মুসলিমরা জিহাদ থেকে হাত ধুয়ে আছে।

বাগদাদ! হে দারুল খিলাফাহ! তোমার প্রতি আফসোস!
তোমার পবিত্রতার কী অবস্থা? নিম্নশ্রেণির লোকগুলো কলুষিত করেছে তোমার পবিত্রতা!

মুসলিমদের বিরুদ্ধে প্রস্তুত আছে দক্ষ শিকারী, আক্রমণকারী;
ইহুদিদের বিরুদ্ধে প্রস্তুত আছে খরগোশ ও উটপাখি।

মুসলিমজাতির এমন একটি ঘরও নেই যেখানে তারা মাথা গুজাবে;
আর আমার মাতৃভূমি তো শত্রুরা খাবলে নিয়েছে; অগ্নি প্রজ্জ্বলিত হচ্ছে।

হে আমার মুসলিমজাতি! আমি একটি পাখি। আমার একটি জঙ্গল আছে;
আমি সেখানে গানের নেশায় মত্ত থাকব আর আমাকে কোনো তিরস্কার করা হবে না! এটা কভু হতে পারে না।

আমি যদি প্রকাশ্যভাবে কোনো বাস্তবতা তুলে ধরি,
এ কারণে কি আমাকে দোষারোপ করা হবে?

রূঢ় বাস্তবতা হলো, আমাদের মুসলিমদের মধ্যে সর্বাধিক নিকৃষ্ট শ্রেণির ব্যক্তিবর্গ,
মুসলিম-নামধারী শাসকবৃন্দ।

প্রত্যেক জিন্দিকের ব্যাপারে দাবি করা হয় যে,
সে মুসলিমদের সেবক ও অনুসরণীয় ব্যক্তি।
মুসলিম-শাসকরা দাবি করে তারা মুসলিমজাতির সাহায্যকারী;
অথচ ঠিক ওই সময়ে তারা আমাদের মৃত্যুব্যাধি।
খ্রিষ্টান ক্রুসেডার বাহিনীর জোয়ার পুরো পৃথিবীকে বিধ্বস্ত করে দিচ্ছে;
সুতরাং হে মুসলিমজাতি! তোমাদের পরহেজগারি-খোদাভীতি, উদারতা ও
দুঃসাহসী নির্ভীক সৈনিকরা আজ কোথায়?

ইতঃপূর্বের আলোচনার ভিত্তিতে আমি জোরালো কণ্ঠে বলতে চাই, আজ উন্মোচিত হয়েছে গোটা বিশ্বের মুসলিম-রাষ্ট্রগুলোর চূড়ান্ত অধঃপতন ও ক্ষতির দিক। বিশেষত জাজিরাতুল আরবের। এ কথা তো সুস্পষ্টরূপে প্রকাশ পেয়েছে যে, বর্তমান বিশ্বের মুসলিম-শাসকরা ইসলামের পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা প্রতিষ্ঠা এবং সমগ্র মুসলিম উম্মাহর পক্ষ থেকে অভ্যন্তরীণ ও বহিরাগত শত্রুদের আক্রমণ প্রতিহত করতে নিতান্ত অযোগ্য প্রমাণিত হয়েছে। তারা তো ইসলামি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা প্রতিষ্ঠা এবং কাফিরদের আক্রমণ থেকে মুসলিম উম্মাহকে রক্ষা করা তো দূরের কথা; বরং তারাই তো ইসলাম ধর্ম ও মুসলিম উম্মাহর শত্রুদের নীল নকশা ও ষড়যন্ত্রমূলক এজেন্ডাগুলো বাস্তবায়ন করছে! বাস্তব কথা হলো, মুসলিমবিশ্ব ও মুসলিম উম্মাহকে ধ্বংস করার নেপথ্যে তো এরাই।

বর্তমান মুসলিমবিশ্বের শাসকদের বাস্তব অবস্থা নিরীক্ষণের পর আমরা ফিরে যাব—শাসকরা যে কর্মপদ্ধতির ওপর চলছে তার আলোচনায়। [তারা কোন জীবনব্যবস্থার ওপর চলছে এবং মুসলিমজাতিকে কোন জীবনাদর্শের ওপর পরিচালনা করছে, তা জানাটা খুবই জরুরি একটি বিষয়]

বর্তমান মুসলিমবিশ্বের নামধারী মুসলিম-শাসকদের কর্মপদ্ধতির ব্যাপারে যে-কোনো চিন্তাশীল ব্যক্তিই কোনো ধরনের চিন্তা-সন্দেহ ছাড়াই এ সিদ্ধান্তে উপনীত হবে যে, এসকল শাসক আপন কুপ্রবৃত্তির অনুসরণ করছে; যাপিত করছে মনচাহি জীবন। তারা জীবন চলার পথে আরো লক্ষ করছে, নিজেদের ব্যক্তি-কেন্দ্রিক স্বার্থ-সুবিধা এবং তাদের ক্রুসেডীয় বন্ধু ও অভিভাবকদের সন্তুষ্টি ও আশির্বাদ। বিশ্ব-মানবতার মুক্তির ধর্ম ইসলামকে আঁকড়ে ধরা, জীবনের প্রতিটি অঙ্গনে তাকে বাস্তবায়ন করা তাদের

কর্মপদ্ধতি ও ধর্মে নেই! বরং বাস্তবতা হলো, তারা তাদের মন-চাহিদা অনুপাতে কিতাবের কতক অংশের ওপর বিশ্বাস স্থাপন করে আর তাদের মন-চাহিদার বিপরীত কতক অংশকে অস্বীকার করে। এ কাজটা তারা করেড়নিজেদের ক্ষমতা ও রাজত্ব টিকিয়ে রাখার স্বার্থে। আর এটাই বড় কুফর যা ব্যক্তিকে ধর্ম থেকে বের করে দেয়। নিয়ে যায় কুফরের শিবিরে।

আল্লাহ তাআলা বলেন—

﴿أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتٰبِ وَ تَكْفُرُونَ بِبَعْضٍ ۚ فَمَا جَزَآءُ مَنْ يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا خِزْيٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَ يَوْمَ الْقِيٰمَةِ يُرَدُّوْنَ اِلٰى اَشَدِّ الْعَذَابِ ۗ وَ مَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۝﴾

‘তোমরা কি কিতাবের কতক অংশের ওপর বিশ্বাস স্থাপন করছো আর কতক অংশ অস্বীকার করছো? সুতরাং ভালো করে জেনে রাখো, তোমাদের মধ্যে যে এমনটা করবে, তার জন্য দুনিয়ার জীবনে অপেক্ষা করছে লাঞ্ছনা ও অপদস্থতা আর আখেরাতে তাদের জন্য রয়েছে কঠিনতম শাস্তি। তারা যা কিছু করছে আল্লাহ কিন্তু সে সম্পর্কে মোটেই উদাসীন নন।’ [সূরা বাকারা, আয়াত : ৮৫।]

এসকল নামধারী মুসলিম-শাসকদের মৌলিক একটি লক্ষ্য ও দৃষ্টিভঙ্গি হলো, ক্ষমতায় টিকে থাকা এবং শাহি মসনদের আসনকে আরো পাকাপোক্ত করা। এ ছাড়া ভিন্ন কিছু নয়।

বলাবাহুল্য যে, মুসলিম-নামধারী এ শাসকদের সমস্যাটা কোনো শাখাগত সমস্যা নয়; বরং তা মৌলিক পদ্ধতিগত সমস্যা। মানহাজগত মৌলিক সমস্যা। আর এটা তখনই হয়েছে, যখন তাদের জীবনযাত্রার অধিকাংশ ক্ষেত্রেই ধ্বংসাত্মক নীতিমালা ও নোংরা আকিদা প্রকাশ পেয়েছে। শাসকের নিঃশর্ত আনুগত্য ও কর্তৃত্ব বা সার্বভৌমত্ব, এটা কখনো আল্লাহর দীনের জন্য হতে পারে না; অর্থ্যাৎ কোনো শাসক বা বিচারকের ইবাদত-উপাসনা, এটা কখনো আল্লাহর সন্তুষ্টি লাভের মাধ্যম হতে পারে না। ‘বিচারক বা শাসকদের নিংশর্ত আনুগত্য ও অনুসরণ অবশ্য পালনীয়’ এ ধরনের বুলি আওড়িয়ে বর্তমান মুসলিমবিশ্বের শাসকরা জনসাধারণকে প্রতিনিয়ত ধোঁকা

দিচ্ছে। যদিও তোমরা মুসলিমবিশ্বের কতক দেশে এগুলোকে ইসলামের ছদ্মবেশে গোপন রাখছো। বিশেষত তাদের এ কাজটা তখন আরো সহজলভ্য হয়েছে, যখন তারা ওলামা ও খতিবদের একটা দল এবং পুরো মিডিয়া-জগৎকে নিয়ন্ত্রণে নিয়েছে। এদেরকে নিজেদের বশে আনতে পেরেছে। তারা বহু আগ থেকেই এদেরকে ব্যবহার করে কুরআন-সুন্নাহর আলোকে 'উলুল আমর' তথা 'দায়িত্বশীল ব্যক্তিবর্গ বা অভিভাবকদের অনুসরণে'র যে অর্থ রয়েছে সেটাকে পরিবর্তন করে 'উলুল আমরে'র অর্থকে অনেক ব্যাপক করেছে এবং নিজেদেরকে কুরআন-সুন্নাহর মানদণ্ডে উত্তীর্ণ 'উলুল আমর' হিসেবে আখ্যায়িত করে প্রচারণা চালিয়েছে। এরই ধারাবাহিকতায় এক পর্যায়ে এ সকল নামধারী মুসলিম-শাসকরা মূর্তিরূপ ধারণ করেছে; আল্লাহ ছাড়া যাদের ইবাদত করা হয়। যেমনটা আপনারা দেখতে পাচ্ছেন বিলাদুল হারামাইনে। আর যেসব আলিম তাদের বশ্যতা স্বীকার ও তোষামোদ করছে না, তাদের ভাগ্যে জুটছে কারাগারের নির্মম শাস্তি। এক পর্যায়ে তারা বাধ্য হয়েই তাদের বশ্যতা স্বীকার করে নেয় এবং তাদের গুনোগান গাইতে থাকে।

এজন্যই আরব-দেশগুলোর এই অবস্থা। দিন দিন প্রতিনিয়ত আরব-দেশগুলো পার্থিব-অপার্থিব উভয় দিক থেকেই জীবনযাত্রার প্রতিটি অঙ্গনেই ভয়ংকর অধঃপতনের শিকার হচ্ছে। আরব-দেশগুলোর অধঃপতনের চিত্র এতটুকু আলোচনা দ্বারাই দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে যায় যে, কোনো এক সময় বিশ্বের একটি অংশ থাকা একটি দেশ, সেই একটি মাত্র দেশের অর্থনৈতিক অবস্থা থেকে বর্তমান আধুনিক কালের আরব-দেশগুলোর অর্থনৈতিক অবস্থা অনেক বেশি মন্দা। আর এটা তখনকার ঘটনা যখন মুসলিম উম্মাহ পূর্ণাঙ্গ ইসলামি জীবনব্যবস্থাকে জীবন চলার পথে বাস্তবিক অর্থেই ধারণ করেছিল। সেই একটি মাত্র দেশ হলো, আমাদের সেই প্রিয় আন্দালুস (স্পেন)[৪৬] আমাদের হারানো ফিরদাউস। আর সেই হারানো আন্দালুস (স্পেন) এখন কাফির রাষ্ট্র বা দারুল হরব। এতদসত্ত্বেও সেই

৪৬. ৯২ হিজরিতে দুঃসাহসী বীর মুজাহিদ তারিক বিন জিয়াদ ও মুসা বিন নুসাইর বিজয় করে। তার ওপরই ইসলামি সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। তারপর তা ৮৯৭ হিজরিতে খ্রিষ্টান ক্রুসেডারদের হাতে পতন ঘটে। সূত্র : '*তাওজিহাতুন মানহাজিয়্যাহ*'-এর টীকা দ্রষ্টব্য।

কাফিরদের অর্থনীতি আমাদের মুসলিমদের অর্থনীতি[৪৭] থেকে কতশত শক্তিশালী ও মজবুত! কারণ, কাফির-রাষ্ট্রগুলোতে শাসকদের হিসেব দেয়ার দায়বদ্ধতা ও শাস্তির ব্যবস্থা রয়েছে। আর আমাদের মুসলিম-দেশগুলোতে শাসকদের নেই কোনো হিসেব দেয়ার দায়বদ্ধতা, আর নেই তাদের শাস্তির কোনো ব্যবস্থা। অপর দিকে আমরা দীর্ঘকাল যাবৎ এ ধরনের স্বার্থবাজ শাসকদের আনুগত্য করছি; করছি তাদের কল্যাণ কামনা!

